



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

RESERVE BANK OF INDIA

ওয়েবসাইট: [www.rbi.org.in](http://www.rbi.org.in)

ই-মেল Email : [helpdoc@rbi.org.in](mailto:helpdoc@rbi.org.in)

যোগাযোগ বিভাগ কেন্দ্রীয় কার্যালয়, এস.বি.এস. মার্গ, মুম্বাই-400 001

DEPARTMENT OF COMMUNICATION, Central Office, S .B.S Marg, Mumbai-400001

ফোন/ Phone:91 22 2266 0502 ফ্যাক্স /Fax : 90 22 2266 0358

তারিখ : নভেম্বর 8,2016

**₹500/- টাকার এবং ₹ 1000/- টাকার ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার: আর বি আই বিজ্ঞপ্তি**

ভারত সরকার তাদের নভেম্বর 8,2016 তারিখের বিজ্ঞপ্তি নং. 2652-এর মাধ্যমে ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা নভেম্বর 8, 2016 তারিখ সময় পর্যন্ত জারি করা মহাত্মা গান্ধী সারণির ₹500 এবং ₹ 1000 টাকার ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার করেছে।

ভারতীয় ব্যাংক নোটের নকলীকরণ আটকাতে, নগদে মজুত করা কালো টাকার প্রভাব সক্রিয়ভাবে বন্ধ করতে এবং জাল নোটের মাধ্যমে সন্ত্রাসবাদের আর্থিক পৃষ্ঠপোষণ হ্রাস করতে এই পদক্ষেপ জরুরী ছিল।

নভেম্বর 10,2016 তারিখ থেকে সাধারণ নাগরিক / নিগমিত সংস্থা, বাণিজ্যিক প্রতিষ্ঠান, সমিতি, অছি পরিষদ ইত্যাদি যাদের কাছে এই নোট আছে তারা ভারতীয় রিজার্ভ ব্যাংকের যেকোন কার্যালয়ে বা কোন ব্যাংক শাখায় এই ব্যাংক নোট জমা করতে পারেন এবং এইভাবে তাদের সম্বন্ধিত ব্যাংক অ্যাকাউন্টে প্রদত্ত রাশির ক্রেডিট ( জমা) পেতে পারেন।

তাদের আশু নগদী প্রয়োজনের জন্য তাঁরা ব্যক্তি পিছু ₹ 4000 টাকা পর্যন্ত এই নোটের নগদী বিনিময় করতে পারবেন ব্যাংক শাখাগুলির কাউন্টার থেকে।

এই বিনিময় সুবিধা লাভ করার জন্য জনসাধারণকে তাঁদের বৈধ পরিচয় পত্র প্রদান করতে অনুরোধ করা হচ্ছে।

গ্রাহকদের অ্যাকাউন্টে জমা থাকা অর্থ স্বাধীনভাবে ব্যবহার করা যাবে চেক (cheque) জারি করার জন্য বা অর্থ স্থানান্তরের বিভিন্ন বৈদ্যুতিন পদ্ধতি যেমন NEFT, RTGS, IMPS , মোবাইল ব্যাংকিং ইত্যাদির মাধ্যমে অর্থ প্রেরনের দ্বারা। নভেম্বর 9,2016 থেকে নভেম্বর 24,2016 তারিখের কর্মদিবস শেষ হওয়া পর্যন্ত ব্যাংকের কাউন্টার থেকে নগদ টাকা তোলা সীমাবদ্ধ করা হয়েছে সর্বাধিক ₹10000/- টাকা প্রতিদিন এই শর্তে যে এক সপ্তাহে তোলা টাকার সর্বোচ্চ সীমা হবে ₹ 20000 টাকা পর্যন্ত। এরপরে এই সীমার পুনর্বিবেচনা করা হবে।

পুনঃস্থাপন সহজ করার প্রয়োজনে নভেম্বর 9,2016 তারিখে সমস্ত ATM এবং নগদ লেনদেনের যান্ত্রিক ব্যবস্থা বন্ধ থাকবে। ব্যবস্থা সম্পন্ন হওয়ার পর উপরোক্ত ব্যবস্থা পুনরায় চালু হবে এবং নভেম্বর 18,2016 তারিখ পর্যন্ত ATM থেকে কার্ড পিছু প্রতিদিন সর্বাধিক ₹2000 টাকা তোলা যাবে এবং এই সীমা নভেম্বর 19,2016 তারিখ থেকে বাড়িয়ে কার্ড পিছু প্রতিদিন সর্বাধিক ₹4000 টাকা করা হবে।

যে কোন ব্যক্তি যিনি এই বিশেষভাবে উল্লেখিত ব্যাংকনোট ডিসেম্বর 30,2016 তারিখে অথবা তার আগে বিনিময় করতে বা তাদের ব্যাংক অ্যাকাউন্টে জমা করতে পারবেন না তারা রিজার্ভ ব্যাংকের নির্ধারিত কার্যালয়ে এই সুযোগ পাবেন বা এই ধরনের অন্য সুযোগ পাবেন ততদিন সময় পর্যন্ত যা পরবর্তী সময়ে রিজার্ভ ব্যাংক নির্ধারণ করবে।

আরো বিশদ বিবরণের জন্য জনসাধারণ দেখতে পারেন আর বি আই ওয়েবসাইট [www.rbi.org.in](http://www.rbi.org.in) এবং আরো বিস্তৃত তথ্য এবং বিশদের জন্য সরকারের ওয়েবসাইট [www.finmin.nic.in](http://www.finmin.nic.in)।

অল্পনা কিল্লাওয়াল

মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

প্রেস প্রকাশনী : 2016-2017/1142